

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ২, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

(আইন অধিশাখা-৪)

সংশোধনী প্রজ্ঞাপন

তারিখ, ২১ জানুয়ারি ২০১৪ খ্রিস্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০৫.১২-২১—যেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী 'ক' তফসিলে বর্ণিত প্রত্যর্পণযোগ্য অর্পিত সম্পত্তির মৌজাভিত্তিক উপজেলা ও জেলাওয়ারী তালিকা প্রস্তুত করিয়া সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করা হইয়াছে এবং যেহেতু প্রকাশিত তালিকায় অনিবার্য কারণে কতিপয় ভুলত্রুটি রহিয়াছে ও কতিপয় সম্পত্তির অন্তর্ভুক্তি বাদ পড়িয়াছে ;

সেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (সংশোধন) আইন, ২০১৩ এর ধারা-৪ অনুযায়ী সন্নিবেশিত অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১ক) এর বিধান অনুযায়ী মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার মৌজাভিত্তিক 'ক-তফসিলভুক্ত' অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা সরকার কর্তৃক গেজেটে প্রকাশ করা হইল। ইহা ইতিপূর্বে প্রকাশিত সংশ্লিষ্ট জেলার, উপজেলার ও মৌজার 'ক- তফসিলের' সংশোধনী তালিকা হিসাবে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী  
উপসচিব।

( ৩৩০৫ )

মূল্য : টাকা ৪.০০

অর্পিত সম্পত্তির তালিকা  
'ক' তফসিল  
(অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (সংশোধন ২০১৩) এর ধারা ৯এর উপ-ধারা (১ক) অনুযায়ী প্রকাশিত)

'ক' তফসিলভুক্ত অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা

জেলাঃ মেহেরপুর

উপজেলা : মুজিবনগর

মৌজা : ভবরপাড়া

জে এল নং- ১৯/২৮

ক্রঃ নং	গেজেট প্রকাশের তারিখ	গেজেটের পৃষ্ঠা নং	গেজেটের ভুলের বিবরণ ও সংশোধনী
১	২	৩	৪
১।	২৪/০৪/২০১২	২৪৪৯৬	১৬৯ ও ১৭০ নং ক্রমিকের ক্ষেত্রে মৌজা 'মুজিবনগর' এর স্থলে 'মানিকনগর' এবং জেএল নং-'১৯/১৮' এর স্থলে '১৮/২৭' প্রতিস্থাপিত হবে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd